11. This certificate is addressed to and provided to the Board of Directors of the Company solely for the purpose of submission of this certificate including accompanying Declaration along with the Form as mentioned in paragraph 10 above, and should not be used, referred to or distributed to any other party or for any other purpose without our prior written consent. Accordingly, we do not accept or assume any liability or any duty of care for any other purpose or to any other party to whom this certificate is shown or into whose hands it may come without our prior consent in writing.

For **Walker Chandiok & Co LLP**
Chartered Accountants
Firm Registration No: 001076N/N500013

Rajni Mundra
Partner
Membership No.: 058644, UDIN: 26058644EYLYHL9929

Date: 28 July 2026
Place: Mumbai

EXCEL

Excel Industries Limited

CIN: L24200MH1960PLC011807
Regd. Office: 184-87, S V Road,Jogeshwari (West), Mumbai-400 102. **Website:** http://www.excelind.co.in
Email: investors@excelind.com **Tel:** 91-22-66464200

NOTICE FOR THE ATTENTION OF SHAREHOLDERS OF THE COMPANY FOR THE UPCOMING 65th ANNUAL GENERAL MEETING AND INFORMATION ON E- VOTING

Pursuant to the relaxations provided by the Ministry of Corporate Affairs (MCA) and the SEBI through their Circulars, the Sixty Fifth Annual General Meeting ("AGM") of the Company will be held through Video Conferencing ("VC")/Other Audio-Visual Means ("OAVM") on **Thursday, September 24th, 2026 at 3.00 p.m. (IST),** without physical presence of the Members at a common venue, to transact the business as set out in the Notice calling the AGM. The deemed venue for the 65th AGM shall be the registered office of the Company.

In compliance with the relevant circulars, the Notice of the AGM together with the Annual Report for the financial year 2025-26 is sent only through e-mail to those Members of the Company, whose email addresses are registered with the Company/Depository Participant(s), as on 14th August, 2026. Detailed instructions for e-voting and for joining the AGM by members are given in the Notice of the AGM. The Notice of AGM together with the Annual Report is also being made available on the Company's website at **https://www.excelind.co.in/annual-reports/** and on the website of the Stock Exchanges, i.e., BSE Limited and the National Stock Exchange of India Limited at **www.bseindia.com** and **www.nseindia.com,** respectively.

Cut-off date for determining eligibility for voting

Shareholder, whose name is recorded in the register of members or in the register of beneficial owners maintained by the depositories as on the cut- off date, i.e., **Thursday, the 17th September, 2026** shall be entitled to exercise his/ her right of remote e-voting or e-voting at the AGM.

Any person, who acquires shares of the Company and becomes a member of the Company after dispatch of the Notice and who holds shares as on the cut-off date, may obtain Notice of AGM together with the Annual Report by sending a request to **instameet@in.mpms.mufg.com.** The Notice of AGM contains the details of login and password to the electronic voting system of MUFG Intime India Pvt. Ltd.

Remote e-voting and e-voting during AGM

The Company is providing to its members, a facility to exercise their right to vote on the resolutions set out in the Notice of the AGM by remote e-voting before the AGM and also by e-voting during the AGM through the electronic voting system of MUFG Intime India Private Limited.

Information and instructions relating to remote e-voting and e-voting during the AGM are set out in the Notice of the AGM and also being sent through the email circulating the Annual Report.

The remote e-voting will commence on **Monday, the 21st September, 2026 at 9.00 a.m. and will end on Wednesday, the 23rd September, 2026 at 5.00 p.m.** The remote e-voting module shall be forthwith disabled thereafter and remote e-voting shall not be allowed beyond the aforesaid date and time.

The members who have cast their vote(s) by remote e-voting may also attend the AGM but shall not be entitled to cast their vote(s) again at the AGM.

In case the shareholders have any queries or issues regarding e- voting, they can connect with Mr. Rajiv Ranjan (Asst. Vice President), MUFG Intime India Pvt. Ltd., C 101, 247 Park, L.B.S.Marg, Vikhroli (West), Mumbai – 400083, email id - to **instameet@in.mpms.mufg.com.** or Call on: Tel : 022-49186000/49186175.

Record Date:

The record date for determining entitlement of members to the final dividend for the financial year ended 31st March, 2026, if approved at the 65th AGM, is **17th September, 2026.**

Deduction of tax on Dividend

Dividend recommended by the Board of Directors, if approved by the members in the AGM, will be paid on or before 23rd October, 2026. Dividend will be paid, subject to deduction of tax at source (TDS) as per the provisions of the Income-Tax Act and Rules there under. For details, please refer to the Notice of the AGM.

For Excel Industries Limited
S K Singhvi
Company Secretary

Place: Mumbai
Date: 1st September, 2026

DDEV PLASTIKS INDUSTRIES LIMITED

CIN: L24290WB2020PLC241791
Regd Office: 2B, Pretoria Street, Kolkata-700 071
Telephone: +91-033-2282 3744/3745/3699/3671
E-Mail: kolkata@ddevgroup.in; **Website:** www.ddevgroup.in

NOTICE OF 6th ANNUAL GENERAL MEETING, E-VOTING INFORMATION AND BOOK CLOSURE

Notice is hereby given that:

1. The 6th (Sixth) Annual General Meeting ('AGM') (also referred to as 'Meeting') of Members of the Company will be held on Saturday, the 26th day of September, 2026 at 11:30 A.M. (IST) through Video Conferencing ('VC')/ Other Audio Visual Means ('OAVM'), in compliance with applicable provisions of the Companies Act, 2013 and rules made thereunder, Securities and Exchange Board of India ('SEBI') (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 ('Listing Regulations') the Secretarial Standard on General Meetings ('SS-2') issued by Institute of Company Secretaries of India ('ICSI') read with Ministry of Corporate Affairs ('MCA')'s General circular no. 20/2020 dated 05.05.2020 and General circular no. 03/2025 dated 22.09.2025 (collectively referred to as 'MCA Circulars').
2. The company has engaged the services of National Securities Depository Limited ('NSDL') for conducting AGM through VC/OAVM and Electronic Voting ('e-voting') on business proposed thereat. The Members will be able to attend the meeting only through VC/OAVM and those members participating in the said AGM through VC/OAVM facility shall be reckoned for the purpose of quorum under Section 103 of the Companies Act, 2013 (the Act').
3. In compliance with MCA Circulars and Listing Regulations, the Notice of 06th AGM including addendum thereto (collectively referred to as "Notice of AGM" or "AGM") and statement pursuant to Section 102 of the Act and other details and instructions for e-voting (both remote e-voting before and at the AGM) and Audited Financial Statements including Auditors' Report and Board's Report with related Annexures for the Financial Year 2025-26 (Collectively referred to as 'Annual Report 2025-26' or 'Annual Report') have been sent on 31.08.2026, in electronic mode only, to all the members whose e-mail ids are registered with the Company's Registrar and Share Transfer Agents ('RTA'), MUFG Intime India Private Limited/ their respective Depository Participant(s) ('DPs') as at 21.08.2026. This is also in accordance with the provisions of Section 101 of the Act read with Rule 18 of the Companies (Management & Administration) Rules, 2014 ('the Rules') and Rule 11 of the Companies (Accounts) Rules, 2014. The same is also available on the website of the company at www.ddevgroup.in and also on the NSDL's website at https://www.evoting.nsdl.com and the website of Stock Exchange where the shares of the company are listed i.e. BSE Limited at www.bseindia.com and National Stock Exchange of India Limited at www.nseindia.com.
4. For those shareholders as at 21.08.2026 whose E-mail ids were not updated with the Company/RTA/ Depository (i.e. NSDL / Central Depository Services (India) Limited ('CDSL')), the company has, in accordance with Regulation 36(1)(b) of Listing Regulations, sent letters on 29.08.2026, to such shareholders intimating the web-link where the Annual Report of the company shall be made available. Copy of such intimation has also been filed with the Stock Exchanges where the shares of the Company are listed.
5. In accordance with the provisions of section 91 of the Act read with Rule 10 of the Rules and Regulation 42 of Listing Regulations, the Register of Members and the Share Transfer Books of the Company shall remain closed from Sunday, 20.09.2026 to Saturday, 26.09.2026 (both days inclusive) for the purpose of AGM and final dividend.
6. Further, in compliance with the provisions of Section 108 of the Act read with Rule 20 of the Rules, SS- 2, Regulation 44 of Listing Regulations, each as amended and MCA Circulars, all members holding shares, as on Saturday, 19.09.2026 ('the cut-off date') are provided with the facility to cast their vote through e-voting on the business as set forth in the Notice of AGM.The Remote e-Voting before AGM will commence at 9:00am (IST) on Wednesday, 23.09.2026 and conclude at 5:00pm (IST) on Friday, 25.09.2026. Remote e-voting before AGM shall be disabled by NSDL thereafter. Members may cast their votes remotely before the AGM and those members who could not cast their vote thereat may cast vote electronically at the AGM, using electronic system provided by NSDL. Instructions for e-Voting are available in Note 28 of the Notice of AGM. Members who have cast vote before the AGM may attend the meeting but shall not be allowed to vote. The voting rights shall be in proportion to their shares of the paid-up share capital of the Company as on cut-off date. Once vote has been cast the members shall not be allowed to subsequently modify the same.
7. Any person who acquires shares of the company after dispatch of Annual Report and holds shares on cut-off date may also cast their vote by following the instructions mentioned in Note 28 of the Notice of AGM or by availing User Id and password by sending email at evoting@nsdl.com. However, if a member is already registered with NSDL for E-Voting, then the member may use their existing user id and password for casting vote.
8. The Directors have proposed final dividend of @ 125% (i.e. Rs 1.25/- per fully paid up equity share of face value Re. 1/- each) for declaration by the members at the ensuing AGM. Dividend, if approved by members, will be paid to shareholders who are holding shares of the Company as on 19.09.2026 ('record date') within the statutory time limit of 30 days from the date of such declaration, after deduction of tax at Source ('TDS') at prescribed rates as per Income Tax Act, 1961 (the 'IT Act').
9. Dividend, if declared by members, will be paid through online payment/ transfer mode to members who have updated their bank details. As mandated by SEBI, dividend payments can be credited only to bank accounts which are KYC compliant. Members are therefore, requested to kindly ensure that their accounts/folios are KYC compliant. The detailed procedure for updating KYC is provided in the Notes to AGM.
10. Members are requested to submit their mandate along with requisite enclosures for opting for electronic credit and for non-deduction/ lower deduction of TDS, as applicable, on or before 19.09.2026 so as to enable the Company to pay dividend through electronic mode and enable proper TDS deductions. A letter in this regard has been sent to members on 22.08.2026. Those holding shares in electronic mode are requested to send their bank mandate directly to their DP(s). Incomplete documents/ delayed submissions may not be considered by the Company.
11. In case of queries or grievances connected with e-Voting and/or VC/OAVM, members may refer to the Frequently Asked Questions (FAQs) for members and e-voting user manual for members at the Downloads section of https://www.evoting.nsdl.com or call on 022-4886-7000 or send a request at evoting@nsdl.com. In case of grievances connected to members data please contact the RTA, MUFG Intime India Private Limited. (Unit- Ddev Plastiks Industries Limited), Rasoi Court, 5th Floor, 20, Sir, R.N. Mukherjee Road, Kolkata - 700001 ; Email: investor.helpdesk@in.mpms.mufg.com; Tel: 033 6906-6200.

For Ddev Plastiks Industries Limited
Sd/-
Tanvi Goenka (ACS-31176)
Company Secretary

Date: 31.08.2026
Place: Kolkata

NATIONAL PEROXIDE LIMITED

(Formerly known as NPL Chemicals Limited)
Corporate Identity Number (CIN): L24290MH2020PLC342890
Registered Office: Neville House, J. N. Heredia Marg, Ballard Estate, Mumbai-400001.
E-mail: investorrelations@naperol.com ● **Website:** www.naperol.com ● **Phone:** 022-6662 0000

NOTICE REGARDING 6th ANNUAL GENERAL MEETING TO BE HELD THROUGH VIDEO CONFERENCING ('VC') / OTHER AUDIO-VISUAL MEANS ('OAVM')

Notice is hereby given that the Sixth (6th) Annual General Meeting (**'AGM'**) of National Peroxide Limited (formerly known as NPL Chemicals Limited) (**'the Company'**) is scheduled to be held on **Tuesday, September 29, 2026 at 11:00 a.m. (IST)** through Video Conferencing ('VC') / Other Audio-Visual Means ('OAVM') to transact the businesses, as set out in the Notice of the 6th AGM.

Pursuant to the Circulars issued by the Ministry of Corporate Affairs (**'MCA'**) vide Circular No. 14/2020 dated April 8, 2020 read with Circular No. 17/2020 dated April 13, 2020, Circular No. 20/2020 dated May 5, 2020, Circular No. 02/2021 dated January 13, 2021, Circular No. 19/2021 dated December 8, 2021, Circular No. 21/2021 dated December 14, 2021, Circular No. 02/2022 dated May 5, 2022, Circular No. 10/2022 dated December 28, 2022, Circular No. 09/2023 dated September 25, 2023, Circular No. 09/2024 dated September 19, 2024 and latest being circular No. 03/2025 dated September 22, 2025, (**collectively referred to as 'MCA Circulars'**) permitted the holding of AGM through VC/OAVM without the physical presence of the Shareholders at a common venue, the AGM of the Company will be held through VC / OAVM in compliance with the aforesaid MCA Circulars and the relevant provisions of the Companies Act, 2013 and applicable rules made thereunder (**'the Act'**) and the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 (Listing Regulations). Pursuant to the provisions of MCA and Listing Regulations, the Notice of the AGM along with the Annual Report for Financial Year 2025-26 will be sent only by electronic mode to those Shareholders whose e-mail addresses are registered with the Company/RTA/Depository Participants (DPs). Shareholders of the Company who wish to receive a physical copy of the Annual Report (including the Notice of the AGM) may request the same by sending an email to investorrelations@naperol.com. It will also be available at Company's website at www.naperol.com. and website of the Stock Exchange i.e., BSE Limited at www.bseindia.com.

Shareholders will be able to join the AGM through VC / OAVM facility only. The Company is providing remote e-voting facility and e-voting facility during AGM to cast their votes on all resolution(s) set out in the Notice of AGM to all its Shareholders. The instructions for joining the AGM and manner of participation in the remote e-voting or casting vote through e-voting system during the AGM are provided in the Notice of AGM. Shareholders participating in the meeting through VC / OAVM shall be counted for the purpose of reckoning the quorum under Section 103 of the Act.

Members may note that the Board of Directors of the Company, at its meeting held on April 30, 2026, has recommended a dividend of Rs. 7.00 (70%) per Equity share of face value of Rs. 10/- each for the financial year ended March 31, 2026. The Dividend, if declared at the ensuing AGM, will be paid, subject to deduction of tax at source after September 29, 2026, to those shareholders holding shares as on Tuesday, September 22, 2026 ("cut-off date").

Notice is further given that pursuant to the provisions of Section 91 of the Act, the Register of Members and Share Transfer Books of the Company will remain closed Wednesday, September 23, 2026 to Tuesday, September 29, 2026 (both days inclusive) for the purpose of AGM.

Shareholders who have not registered their e-mail addresses can get it registered by following below instructions:

a) Shareholders holding shares in physical form can register / update by clicking on the link: https://web.in.mpms.mufg.com/EmailReg/Email_Register.html on the website https://in.mpms.mufg.com at the Investor Services section by choosing e-mail registration tab and update the details such as Name, Folio number, Certificate number, Shareholder name, PAN, Mobile Number and E-mail ID by uploading scanned copy of share certificate.
b) Shareholders holding shares in demat form are requested to update their e-mail addresses as per the process advised by their respective DPs.

This communication is being issued for the information and benefit of all the Shareholders of the Company.

National Peroxide Limited
(Formerly known as NPL Chemicals Limited)
Sd/-
Akshay Satasiya
Company Secretary

Place : Mumbai
Date : September 01, 2026

SENCO GOLD & DIAMONDS
ESTD 1938

Senco Gold Limited

রেজিস্ট্রার্ড ও কর্পোরেট অফিস: 'ডায়মন্ড প্রেস্টিজ', ৪১এ, এ.জে.সি. বোস রোড, একাদশ তলা, ইউনিট নং ১০০১, কলকাতা - ৭০০০১৭
ফোন: ০৩৩ ৪০২১ ৫০০০/৫০০৪ । ই-মেল: contactus@sencogold.co.in । ওয়েবসাইট: https://sencogoldanddiamonds.com
(CIN: L36911WB1994PLC064637)

ফর্ম ডিপিটি-১

আমানত আহ্বান করে বিজ্ঞপ্তি বা বিজ্ঞাপনের আকারে বিজ্ঞপ্তি

[কোম্পানি আইন, ২০১৩-র ৭৩(২)(এ) নং ধারা ও ৭৬ নং ধারা এবং কোম্পানি (অ্যাকসেপটেন্স অফ ডিপোজিটস) বিধিমালা, ২০১৪-এর ৪(১) ও ৪(২) বিধি অনুসারে]

ক্র নং	বিবরণসমূহ	তথ্য
১.	**সাধারণ তথ্য**	
ক.	কোম্পানির নাম, ঠিকানা, ওয়েবসাইট এবং অন্যান্য যোগাযোগের তথ্য	সেনকো গোল্ড লিমিটেড (সিআইএন – L36911WB1994PLC064637) নিবন্ধিত এবং কর্পোরেট দপ্তর: ডায়মন্ড প্রেস্টিজ, ৪১এ, এ.জে.সি. বোস রোড, দশম ফ্লোর, ইউনিট নং- ১০০১, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০১৭, ফোন নম্বর: +৯১ ৩৩ ৪০২১ ৫০০০/৪০২১ ৫০০৪ ওয়েবসাইট:www.sencogoldanddiamonds.com/ www.sencogold.com ই-মেল : corporate@sencogold.co.in
খ.	কোম্পানির নিবন্ধনের তারিখ	২২ অগস্ট, ১৯৯৪
গ.	কোম্পানি ও এর সহযোগী প্রতিষ্ঠানসমূহ দ্বারা পরিচালিত ব্যবসা এবং শাখা বা ইউনিটের বিবরণ, যদি থাকে;	**কোম্পানির ব্যবসায়িক কার্যক্রম:** সেনকো গোল্ড লিমিটেড ('কোম্পানি') সোনা, হীরা-খচিত, রুপো, প্ল্যাটিনাম, মূল্যবান ও আধা-মূল্যবান পাথর এবং অন্যান্য ধাতুর গহনা প্রস্তুত, বিক্রয় ও ব্যবসার সাথে যুক্ত। এছাড়াও কোম্পানি কস্টিউম জুয়েলারি, সোনা/রুপোর মুদ্রা, রত্নপাথর, রুপোর তৈরি বাসনপত্র, চামড়ার ব্যাগ, সুগন্ধি এবং পরীক্ষাগারে তৈরি হীরা ও তা দিয়ে তৈরি গহনার মতো অন্যান্য পণ্যও বিক্রি করে। **বর্তমানে কোম্পানির সহযোগী সংস্থাগুলির ব্যবসায়িক কার্যক্রম:** সেনকো গোল্ড আর্টিসানশিপ প্রাইভেট লিমিটেড হলো সেনকো গোল্ড লিমিটেডের একটি সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী সংস্থা। এটি ১৪ অক্টোবর ২০২০-এ নিবন্ধিত হয় এবং সোনা, হীরা-খচিত, রুপা, প্ল্যাটিনাম, মূল্যবান ও আধা-মূল্যবান পাথর ও অন্যান্য ধাতুর গহনা এবং সোনার মুদ্রা প্রস্তুত, বিক্রয় ও ব্যবসার পাশাপাশি চুক্তিভিত্তিক উৎপাদনের কাজে নিয়োজিত। সেনকো গোল্ড আর্টিসানশিপ প্রাইভেট লিমিটেড ২০২২ সালের এপ্রিল মাস থেকে তাদের ব্যবসায়িক কার্যক্রম শুরু করে। সেনকো গ্লোবাল জুয়েলারি ট্রেডিং এলএলসি হলো সেনকো গোল্ড লিমিটেডের একটি সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী সংস্থা। কোম্পানির বিশ্বব্যাপী সম্প্রসারণ পরিকল্পনার কৌশলগত অংশ হিসেবে এটি ১৪ ফেব্রুয়ারি ২০২৩-এ দুবাই (ইউএই)-তে নিবন্ধিত হয়। এটি গহনার পাইকারি ও খুচরা ব্যবসার সাথে যুক্ত। সেনেস ফ্যাশন লিমিটেড হলো একটি সম্পূর্ণ মালিকানাধীন সহযোগী সংস্থা যা ৭ সেপ্টেম্বর ২০২৪-এ নিবন্ধিত হয়। এটি বিভিন্ন ধরণের চামড়ার অ্যাক্সেসরিজ, পোশাক, সব ধরণের গহনা ও অলঙ্কার, সোনা, পরীক্ষাগারে তৈরি হীরা, রুপা, প্ল্যাটিনাম, ধাতব অ্যালয়, মূল্যবান ও আধা-মূল্যবান পাথর, কৃত্রিম ফ্যাশন জুয়েলারি এবং সুগন্ধি সহ সৌন্দর্য ও সাজসজ্জার পণ্যের পাইকারি ও খুচরা ব্যবসার সাথে যুক্ত। **কোম্পানির শাখা/ইউনিটসমূহ:** **কোম্পানির দুটি উৎপাদন ইউনিট নিম্নলিখিত ঠিকানায় অবস্থিত:** ১) জেমস অ্যান্ড জুয়েলারি পার্ক, এসডিএফ (এসডিএফ) বিল্ডিং, প্লট নং-জিজেএ-৪এ৪, ৪র্থ ফ্লোর, অঙ্কুরহাটি, ডোমজুড়, হাওড়া-৭১১ ৪০৯। ২) মডিউল জি-এসই, এসডিএফ বিল্ডিং, মানিককাঞ্চন এসইজেড, প্লট ১, ব্লক- সিএন, সেক্টর ৫, সল্টলেক, কলকাতা – ৭০০ ০৯১ ৩১.০৩.২০২৬ তারিখের হিসেব অনুযায়ী, সারা ভারত জুড়ে কোম্পানিটির নিজস্ব ১০২টি কোম্পানি শোরুম এবং ৮৫টি ফ্র্যাঞ্চাইজি শোরুম রয়েছে।
ঘ.	কোম্পানির উর্ধ্বতন কর্তৃপক্ষের সংক্ষিপ্ত বিবরণ;	বোর্ড অফ ডিরেক্টরগণের সামগ্রিক তত্ত্বাবধান, নির্দেশনা ও নিয়ন্ত্রণের অধীনে, পূর্ণকালীন ডিরেক্টরদের সহায়তায় এবং একটি পেশাদার ম্যানেজমেন্ট দলের সহযোগিতায় ম্যানেজিং ডিরেক্টর ও সিইও কোম্পানিটি পরিচালনা করেন।
ঙ	ডিরেক্টরগণের নাম, ঠিকানা, ডিআইএন এবং পেশা;	

নাম ও ঠিকানা	ডিআইএন	পেশা
মিঃ শুভঙ্কর সেন ৫৩এ লেক প্লেস, কলকাতা- ৭০০ ০৯২, ভারত	০১১৭৮৮০৩	ব্যবসা
মিসেস রঞ্জনা সেন ৫৩এ লেক প্লেস, কলকাতা- ৭০০ ০৯২, ভারত	০১২২৬৩৩৭	ব্যবসা
মিসেস জয়িতা সেন ৫৩এ লেক প্লেস, কলকাতা- ৭০০ ০৯২, ভারত	০৮৮২৮৮৭৫	ব্যবসা
মিঃ কুমার শঙ্কর দত্ত ফ্ল্যাট নং ৩এ, তৃতীয় ফ্লোর, ফোমরা টাওয়ার, ৮৪এ, এ.জে.সি. বোস রোড, কলকাতা-৭০০০১৪, ভারত	০৭২৪৮২৩১	পেশাদার
মিঃ ভাস্কর সেন ১৭৮ পূর্বলোক, ৯থ স্ট্রিট, মুকুন্দপুর, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগণা- ৭০০ ০৯৯, ভারত	০৩১৯৩০০৩	পেশাদার
মিঃ শঙ্কর প্রসাদ হালদার, ফ্ল্যাট নং-২৫২৪, সেক্টর-ডি, পকেট-২, বসন্ত কুঞ্জ, দিল্লি- ১১০ ০৭০, ভারত	০৬৫২১২৬৪	পেশাদার
মিস সুমন বর্মা এ ২০, 2য় ফ্লোর, গীতাঞ্জলি এনক্লেভ, নবজীবন বিহারের বিপরীতে, মালব্য নগর, দক্ষিণ দিল্লি- ১১০ ০১৭, ভারত	০৮১২৭৯২৮	পেশাদার

ক্র নং	বিবরণসমূহ	তথ্য
চ.	ঝুঁকির কারণসমূহ সম্পর্কে ম্যানেজমেন্টের ধারণা;	সেনকো গোল্ড লিমিটেড (এরপরে 'কোম্পানি' হিসেবে উল্লিখিত) ভারতের সুসংগঠিত গহনা উৎপাদন ও খুচরা বিক্রয় খাতের একটি শীর্ষস্থানীয় গহনা প্রতিষ্ঠান। কোম্পানিটি বর্তমানে একাধিক স্থানে কার্যক্রম পরিচালনাকারী একটি প্রতিষ্ঠানে পরিণত হয়েছে এবং ৩১ মার্চ, ২০২৬ তারিখে সমাপ্ত বছরে কোম্পানির আয় ভারতীয় টাকায় ৮৩,৭৪১.২৫ মিলিয়ন ছাড়িয়ে গেছে। কোম্পানির নিট সম্পদ, পরিচালন-জনিত আয় এবং নগদের প্রবাহ যে কোনও সময়ে ঋণ বা দায় পরিশোধের জন্য যথেষ্ট শক্তিশালী। গহনা ক্রয় সংক্রান্ত এই স্কিমগুলির (এরপর 'স্কিম' হিসেবে উল্লিখিত) আওতায় সংগৃহীত অর্থ শুধুমাত্র গহনা ক্রয়ের উদ্দেশ্যেই ব্যবহৃত হয়; তাই মূল্য ও বাজারের ঝুঁকি, প্রতিযোগিতা, নিয়ন্ত্রণমূলক কাঠামোর পরিবর্তন এবং কোম্পানির ব্যবসার সাথে সাধারণত জড়িত অন্যান্য স্বাভাবিক ব্যবসায়িক ঝুঁকি ছাড়া এতে অন্য কোনও আর্থিক ঝুঁকি নেই।
ছ.	খেলাপির বিবরণ যাতে সংশ্লিষ্ট অর্থের পরিমাণ, খেলাপির সময়কাল এবং বর্তমান অবস্থার কথা রয়েছে	১) বিধিবদ্ধ পাওনা: নেই ২) ডিবেঞ্চার ও তার ওপর সুদ: নেই ৩) কোনও ব্যাঙ্ক বা আর্থিক প্রতিষ্ঠান থেকে গৃহীত ঋণ ও তার ওপর সুদ: নেই
২.	**আমানত জমা প্রকল্পের বিবরণ**	
ক.	বোর্ডের প্রস্তাব পাস হওয়ার তারিখ	
খ.	সাধারণ সভায় এ ধরনের আমানত সংগ্রহের অনুমোদনসূচক প্রস্তাব গৃহীত হওয়ার তারিখ;	২৪ মে, ২০১৮
গ.	জমা আমানতের ধরন, অর্থাৎ তা সুরক্ষিত না অসুরক্ষিত।	অসুরক্ষিত
ঘ.	১. সংশ্লিষ্ট আইন ও তার অধীনে প্রণীত বিধি অনুযায়ী কোম্পানি যে পরিমাণ অর্থ আমানত হিসেবে সংগ্রহ করতে পারে, ২. ঠিক পূর্ববর্তী অর্থবছরের শেষ দিনে প্রকৃতপক্ষে রক্ষিত আমানত জমার মোট পরিমাণ এবং	**১. সদস্যদের কাছ থেকে সংগৃহীত অর্থের ক্ষেত্রে—পরিশোধ করা মূলধন, মুক্ত সঞ্চয় এবং সিকিউরিটিজ প্রিমিয়াম অ্যাকাউন্টের সমষ্টির ১০%, অর্থাৎ ২,৫৩২.৯৩ মিলিয়ন রুপি (৩১.০৩.২০২৬ তারিখের হিসেবে)।** **২. জনসাধারণের কাছ থেকে সংগৃহীত অর্থের ক্ষেত্রে—পরিশোধিত মূলধন, মুক্ত সঞ্চয় এবং সিকিউরিটিজ প্রিমিয়াম অ্যাকাউন্টের সমষ্টির ২৫%, অর্থাৎ ৬,৩৩২.৩১ মিলিয়ন রুপি (৩১.০৩.২০২৬ তারিখের হিসেবে)।**
	৩. বিজ্ঞপ্তি বা বিজ্ঞাপন প্রকাশের তারিখে প্রকৃতপক্ষে রক্ষিত আমানত জমার মোট পরিমাণ	২৮৩৭.৩১ মিলিয়ন টাকা (৩১.০৩.২০২৬ তারিখে)
	৪. আমানত জমা হিসেবে সংগ্রহের প্রস্তাবিত অর্থের পরিমাণ এবং	৪১৫৬.৩২ মিলিয়ন টাকা ২৭ জুলাই, ২০২৬ তারিখে
	৫. পরবর্তী বারো মাসের মধ্যে পরিশোধযোগ্য আমানত জমার পরিমাণ।	৮৮০০.০০ মিলিয়ন টাকা পর্যন্ত ৪০৮৬.১৩ মিলিয়ন টাকা, ২৭ জুলাই, ২০২৬ তারিখে
ঙ.	**আমানত জমা সংগ্রহের শর্তাবলি**	

বিবরণ	সময়সীমা	সুদের হার	অর্থ দেওয়ার পদ্ধতি	অর্থ পরিশোধ/পুনরুদ্ধারের পদ্ধতি
স্বর্ণ লাভ(৬ মাসের স্কিম)- এসএল ২৬-২৭	এই প্রকল্পটি শুধুমাত্র ৬ মাসের জন্য প্রযোজ্য, যার আওতায় গ্রাহককে ন্যূনতম ১,০০০ টাকা করে ৬টি সমান মাসিক কিস্তি জমা করতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা করা যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয়ের প্রকল্প, তাই এতে সুদ বা মুনাফা প্রদানের কোনো ব্যবস্থা নেই। তবে, গহনা কেনার সময় গ্রাহককে নিম্নোক্তভাবে ছাড় দেওয়া হয়। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ৬টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক গহনা কেনার ক্ষেত্রে বিশেষ সুবিধা পাবেন। সুবিধাটি হলো প্রথম কিস্তি জমার তারিখ থেকে ৬ মাস পূর্ণ হওয়ার পর প্রথম মাসিক কিস্তির সমপরিমাণ অর্থের ৩০%-এর সমান ছাড়। তবে, মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে আনুপাতিক হারে ছাড়ের হার বদলাতে পারে।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	সাধারণত, এই স্কিমের আওতায় জমা করা অর্থের সাপেক্ষে গহনা কেনার মাধ্যমেই হিসাবটি নিষ্পত্তি করা হবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের (ফেরত দেওয়ার তারিখ পর্যন্ত) সমান হবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ৬টি কিস্তি জমা করার সাপেক্ষে যদি অর্থ ফেরতের অনুরোধ করা হয়, তবে কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের অতিরিক্ত হিসেবে প্রথম মাসিক কিস্তির ৩০% সমমূল্যের একটি 'গিফট ভাউচার' দিতে পারে। এই গিফট ভাউচারটি জারি করার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির থেকে গহনা কেনার সময় ব্যবহার করা যাবে। এই অ্যাকাউন্টের জমা দিয়ে গ্রাহক সোনা বা রুপার কয়েন কিংবা বুলিয়ন (পিওর বা বার) কিনতে পারবেন না।
স্বর্ণ যোজনা (১১ মাসের প্রকল্প)- এসওয়াই ২৬-২৭	এই প্রকল্পটি শুধুমাত্র ১১ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ১,০০০ টাকা করে ১১টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা রিটার্ন প্রদানের কোনও ব্যবস্থা নেই। তবে, গহনা কেনার সময় গ্রাহককে নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হয়। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১১টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক গহনা কেনার সময় বিশেষ সুবিধা হিসেবে ছাড় পাবেন। এই ছাড়ের পরিমাণ হবে প্রথম মাসিক কিস্তির ৭৫%-এর সমান। প্রকল্পের প্রথম কিস্তি পরিশোধের তারিখ থেকে ১১ মাস পূর্ণ হওয়ার পর এই সুবিধাটি পাওয়া যাবে। তবে, মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে আনুপাতিক হারে ছাড়ের হার বদলাতে পারে।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	সাধারণত, এই স্কিমের আওতায় জমা করা অর্থের সাপেক্ষে গহনা কেনার মাধ্যমেই হিসাবটি নিষ্পত্তি করা হবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের (ফেরত দেওয়ার তারিখ পর্যন্ত) সমান হবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১১টি কিস্তি জমা করার সাপেক্ষে যদি অর্থ ফেরতের অনুরোধ করা হয়, তবে কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের অতিরিক্ত হিসেবে প্রথম মাসিক কিস্তির ৭৫% সমমূল্যের একটি 'গিফট ভাউচার' দিতে পারে। এই গিফট ভাউচারটি জারি করার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির থেকে গহনা কেনার সময় ব্যবহার করা যাবে। এই অ্যাকাউন্টের জমা দিয়ে গ্রাহক সোনা বা রুপার কয়েন কিংবা বুলিয়ন (পিওর বা বার) কিনতে পারবেন না।
স্বর্ণ বৃদ্ধি (১৮ মাসের প্রকল্প)- এসভি ২৬-২৭	এই প্রকল্পটি শুধুমাত্র ১৮ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ১,০০০ টাকা করে ১৮টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা রিটার্ন প্রদানের কোনও ব্যবস্থা নেই। তবে, গহনা কেনার সময় গ্রাহককে নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হয়। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১৮টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক গহনা কেনার সময় বিশেষ সুবিধা হিসেবে ছাড় পাবেন। এই ছাড়ের পরিমাণ হবে প্রথম মাসিক কিস্তির ১৫০%-এর সমান। প্রকল্পের প্রথম কিস্তি পরিশোধের তারিখ থেকে ১৮ মাস পূর্ণ হওয়ার পর এই সুবিধাটি পাওয়া যাবে। তবে, মাসিক কিস্তি পরিশোধে বিলম্ব হলে আনুপাতিক হারে ছাড়ের হার বদলাতে পারে।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	সাধারণত, এই স্কিমের আওতায় জমা করা অর্থের সাপেক্ষে গহনা কেনার মাধ্যমেই হিসাবটি নিষ্পত্তি করা হবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের (ফেরত দেওয়ার তারিখ পর্যন্ত) সমান হবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১৮টি কিস্তি জমা করার সাপেক্ষে যদি অর্থ ফেরতের অনুরোধ করা হয়, তবে কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের অতিরিক্ত হিসেবে প্রথম মাসিক কিস্তির ১৫০% সমমূল্যের একটি 'গিফট ভাউচার' দিতে পারে। এই গিফট ভাউচারটি জারি করার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির থেকে গহনা কেনার সময় ব্যবহার করা যাবে। এই অ্যাকাউন্টের জমা দিয়ে গ্রাহক সোনা বা রুপার কয়েন কিংবা বুলিয়ন (পিওর বা বার) কিনতে পারবেন না।
স্বর্ণ সৌভাগ্য- ডায়রেক্ট (১১ মাসের প্রকল্প) এসএস-ডায়রেক্ট	এই প্রকল্পটি শুধুমাত্র ১১ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ১২,০০০ টাকা করে ১১টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা মুনাফা দেওয়ার কোনও ব্যবস্থা নেই। তবে, গ্রাহক যখন গহনা ক্রয় করবেন, তখন নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হবে। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১১টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক নিম্নোক্ত পদ্ধতিতে ছাড়ের সুবিধা সহ গহনা কেনার যোগ্য হবেন। *সোনার গহনা: প্রকৃত 'মেকিং চার্জ' বা তৈরির খরচের ওপর সর্বোচ্চ ১৫% ছাড়। [উদাহরণ: (১) যদি কোনও গহনার মেকিং চার্জ ২০% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (২০% - ১৫%) = ৫% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ পর্যন্ত। (২) যদি কোনও গহনার মেকিং চার্জ ১২% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (১২% - ১২%) = ০% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ অংশের পর্যন্ত ।] *হীরার গহনা: হীরার মূল্যের ওপর ১০% এবং মেকিং চার্জের ওপর ১০০% ছাড়।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	এই স্কিমের আওতায় জমাকৃত অর্থের বিপরীতে সাধারণত গয়না কেনা যাবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের (ফেরত প্রদানের তারিখ পর্যন্ত) মধ্যেই সীমাবদ্ধ থাকবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১১টি কিস্তি জমা দেওয়ার শর্তে যদি অর্থ ফেরতের অনুরোধ করা হয়, তবে কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের (ফেরত প্রদানের তারিখ পর্যন্ত) অতিরিক্ত হিসেবে, গ্রাহকের মূল জমাকৃত অর্থের ওপর স্কিম-জনিত সুবিধাসম মূল্যের একটি 'গিফট/ডিসকাউন্ট ভাউচার' প্রদান করতে পারে। এই গিফট/ডিসকাউন্ট ভাউচারটি দেওয়ার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির থেকে গয়না বা কয়েন কেনার সময় ব্যবহার করা যাবে।
স্বর্ণ সৌভাগ্য- গোল্ড মেটাল বুকিং (১১ মাসের প্রকল্প) এসএস- গোল্ড বুক এই প্রকল্পের আওতায় গ্রাহকরা প্রতিটি কিস্তির জন্য ২২ ক্যারেট মানের সোনা জমা করতে পারবেন; এক্ষেত্রে কিস্তির সমপরিমাণ অর্থ দিয়ে ওই নির্দিষ্ট মানের সোনার তৎকালীন বাজারদর অনুযায়ী সোনা কেনা হবে।.	এই প্রকল্পটি শুধুমাত্র ১১ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ১২,০০০ টাকা করে ১১টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা মুনাফা দেওয়ার কোনও ব্যবস্থা নেই। তবে, গ্রাহক যখন গহনা ক্রয় করবেন, তখন নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হবে। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১১টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক নিম্নোক্ত পদ্ধতিতে ছাড়ের সুবিধা সহ গহনা কেনার যোগ্য হবেন। *সোনার গহনা: প্রকৃত 'মেকিং চার্জ' বা তৈরির খরচের ওপর সর্বোচ্চ ১৫% ছাড়। [উদাহরণ: (১) যদি কোনও গহনার মেকিং চার্জ ২০% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (২০% - ১৫%) = ৫% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ পর্যন্ত। (২) যদি কোনও গহনার মেকিং চার্জ ১২% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (১২% - ১২%) = ০% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ অংশের পর্যন্ত ।] *হীরার গহনা: হীরার মূল্যের ওপর ১০% এবং মেকিং চার্জের ওপর ১০০% ছাড়।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	এই স্কিমের আওতায় জমাকৃত অর্থের বিপরীতে সাধারণত গয়না কেনা যাবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের (ফেরত প্রদানের তারিখ পর্যন্ত) মধ্যেই সীমাবদ্ধ থাকবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১১টি কিস্তি জমা দেওয়ার শর্তে যদি অর্থ ফেরতের অনুরোধ করা হয়, তবে কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমাকৃত অর্থের (ফেরত প্রদানের তারিখ পর্যন্ত) অতিরিক্ত হিসেবে, গ্রাহকের মূল জমাকৃত অর্থের ওপর স্কিম-জনিত সুবিধাসম মূল্যের একটি 'গিফট/ডিসকাউন্ট ভাউচার' প্রদান করতে পারে। এই গিফট/ডিসকাউন্ট ভাউচারটি দেওয়ার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির থেকে গয়না বা কয়েন কেনার সময় ব্যবহার করা যাবে।
ডায়মন্ড ড্রিমস (১১ মাসের প্রকল্প) [illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
স্বর্ণ পূর্ণা (১১ মাসের প্রকল্প) [illegible]	[illegible]	[illegible]	[illegible]	[illegible]
স্বর্ণ সমৃদ্ধি- গোল্ড মেটাল বুকিং (১১ মাসের প্রকল্প) এসএস- গোল্ড বুক এই প্রকল্পের আওতায় গ্রাহকরা প্রতিটি কিস্তির জন্য ২২ ক্যারেট মানের সোনা জমা করতে পারবেন; এক্ষেত্রে কিস্তির সমপরিমাণ অর্থ দিয়ে ওই নির্দিষ্ট মানের সোনার তৎকালীন বাজারদর অনুযায়ী সোনা কেনা হবে।.	এই প্রকল্পটি শুধুমাত্র ১১ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ৯,০০০ টাকা করে ১১টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গহনা ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা মুনাফা দেওয়ার কোনও ব্যবস্থা নেই। তবে, গ্রাহক যখন গহনা ক্রয় করবেন, তখন নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হবে। মেয়াদপূর্তিতে পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১১টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক নিম্নোক্ত পদ্ধতিতে ছাড়ের সুবিধা সহ গহনা কেনার যোগ্য হবেন। *সোনার গহনা: প্রকৃত 'মেকিং চার্জ' বা তৈরির খরচের ওপর সর্বোচ্চ ৯% ছাড়। [উদাহরণ: (১) যদি কোনও গহনার মেকিং চার্জ ২০% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (২০% - ৯%) = ৫% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ পর্যন্ত। (২) যদি কোনও গহনার মেকিং চার্জ ৮% হয়, তবে কার্যকর মেকিং চার্জ হবে (৮% - ৮%) = ০% থেকে গ্রাহকের জমা করা আসল অর্থের সমপরিমাণ অংশের পর্যন্ত ।] *হীরার গহনা: হীরার মূল্যের ওপর ৫% এবং মেকিং চার্জের ওপর ৫০% ছাড়।	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	এই স্কিমের আওতায় জমা করা অর্থের ভিত্তিতে সাধারণত গয়না কেনা যাবে। যদি গ্রাহক নগদ অর্থ ফেরত চান, তবে চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে তা দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ হবে ফেরতের তারিখ পর্যন্ত গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের সমান। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১১টি কিস্তি পরিশোধের শর্তে অর্থ ফেরত চাওয়া হলে, কোম্পানি গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের পাশাপাশি স্কিম-জনিত সুবিধাস্বরূপ মূল জমার সমপরিমাণ অর্থের একটি 'গিফট/ডিসকাউন্ট ভাউচার' দিতে পারে। এই গিফট/ডিসকাউন্ট ভাউচারটি ইস্যু করার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির কাছ থেকে গয়না বা কয়েন কেনার সময় ব্যবহার করা যাবে। এই অ্যাকাউন্টের অর্থ ব্যবহার করে গ্রাহক সোনা বা রুপার কয়েন কিংবা বার কিনতে পারবেন না।
সিলভার সাইন (১১ মাসের প্রকল্প)- এই প্রকল্পের আওতায়, গ্রাহকরা প্রতিটি কিস্তির ক্ষেত্রে কিস্তির সমমূল্যের ৯২.৫ ক্যারেট মানের রূপা জমা করতে পারবেন। উক্ত বিশুদ্ধতার রূপার তৎকালীন বাজারদর [illegible]	এই প্রকল্পটি শুধুমাত্র ১১ মাসের জন্য, যেখানে গ্রাহককে ন্যূনতম ১,০০০ টাকা করে ১১টি সমান মাসিক কিস্তি জমা দিতে হবে। অতিরিক্ত অর্থ ১,০০০ টাকার গুণিতক হিসেবে জমা দেওয়া যাবে।	যেহেতু এটি একটি গয়না ক্রয় প্রকল্প, তাই এতে সুদ বা রিটার্ন দেওয়ার কোনও ব্যবস্থা নেই। তবে, গয়না কেনার সময় গ্রাহককে নিম্নোক্ত হারে ছাড় দেওয়া হয়। মেয়াদপূর্তির সময় পুনরুদ্ধারের সুবিধা গ্রহণ: নির্ধারিত তারিখ বা তার আগে ১১টি কিস্তি জমা দেওয়ার পর, গ্রাহক রুপার গহনা বা অন্যান্য রুপার সামগ্রী কেনার ক্ষেত্রে ছাড়ের সুবিধা পাবেন। এই ছাড়ের পরিমাণ হবে প্রকল্পের প্রথম কিস্তি দেওয়ার তারিখ থেকে ১১ মাস পূর্ণ হওয়ার পর প্রথম মাসিক কিস্তির ৭৫%-এর সমতুল্য। তবে, নির্ধারিত মাসিক কিস্তি জমা দিতে বিলম্ব হলে [illegible]	নগদ, চেক, ডিডি, নেট ব্যাঙ্কিং, ডেবিট ও ক্রেডিট কার্ড অথবা লেনদেনের অন্য যে কোনও অনুমোদিত পদ্ধতির মাধ্যমে মাসিক অগ্রিম জমা হিসেবে।	এই স্কিমের আওতায় জমা করা অর্থের ভিত্তিতে সাধারণত রুপার গয়না বা অন্যান্য রুপার সামগ্রী কেনা যাবে। গ্রাহক যদি নগদ অর্থ ফেরত চান, তবে সেই অর্থ চেক, ডিডি বা ইলেকট্রনিক ট্রান্সফারের মাধ্যমে দেওয়া হবে। ফেরতযোগ্য অর্থের পরিমাণ গ্রাহকের কাছ থেকে প্রাপ্ত মোট জমা করা অর্থের মধ্যেই সীমাবদ্ধ থাকবে। স্কিমের মেয়াদ পূর্ণ হওয়ার পর এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিতভাবে ১১টি কিস্তি পরিশোধ করার সাপেক্ষে অর্থ ফেরতের অনুরোধ করা হলে, কোম্পানি গ্রাহকের জমা করা অর্থের পাশাপাশি প্রথম মাসিক কিস্তির ৭৫% সমমূল্যের একটি গিফট ভাউচার দিতে পারে। এই গিফট ভাউচারটি শুধুমাত্র ইস্যু করার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে কোম্পানির কাছ থেকে রুপার গয়না বা অন্যান্য রুপার সামগ্রী কেনার সময় [illegible]

[illegible]

অন্নপূর্ণার ফর্ম পূরণেও মেলেনি টাকা, পরামর্শ

বৃদ্ধার ডাকে সাড়া, দাঁড়ালেন শুভেন্দু

স্টাফ রিপোর্টার, বারাসত: 'বাবা, দাঁড়াও'-যশোর রোডে ওঠার মুখে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর গাড়ি লক্ষ্য করে ৬৮ বছরের স্বপ্না দাসের ডাক। পুলিশ তাঁকে সরিয়ে দিতে গেলে গাড়ি থামিয়ে মুখ্যমন্ত্রী বলেন, "ওঁকে আসতে দিন আমার কাছে।" গাড়ির কাছে পৌঁছে মুখ্যমন্ত্রীকে দু'হাত দিয়ে মাথায় হাত রেখে আশীর্বাদ করেন মধ্যমগ্রামের শ্রীনগরের স্বপ্না। এরপর জানান, অন্নপূর্ণা যোজনার ফর্ম পূরণ করেও টাকা পাননি তিনি। স্বপ্না দেবীর কথা শুনে তাঁর বয়সের বিষয়টি মাথায় রেখে মুখ্যমন্ত্রী জানান, অন্নপূর্ণা যোজনার বদলে তিনি বার্ধক্য ভাতা পাবেন। এর পরই জেলাশাসক শিল্পা গৌরিসারিয়াকে স্বপ্নার নাম-সহ প্রয়োজনীয় তথ্য নিয়ে তাঁকে পাঠানোর নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

সোমবার মধ্যমগ্রামে উত্তর ২৪ পরগনা মহিলা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি লিমিটেডের ৩৫তম প্রতিষ্ঠা দিবসের অনুষ্ঠানে যোগ দিতে সোমবার এসেছিলেন মুখ্যমন্ত্রী। আমন্ত্রণপত্র না থাকায় অনুষ্ঠানে ঢুকতে পারেননি স্বপ্না। তাই যশোর রোডের ধারে অপেক্ষা করছিলেন তিনি। মুখ্যমন্ত্রীকে নিজের সমস্যার কথা জানাবেন বলেই এসেছিলেন। স্বপ্না জানান, গত ১৫ জুলাই বার্ধক্য ভাতার জন্যও আবেদন করেছিলেন। তবে ভাতার চেয়েও বড় হয়ে উঠেছে মুখ্যমন্ত্রীকে ছেলের মতো আশীর্বাদ করতে পারার মুহূর্ত। তাঁর কথায়, "আমি যে ওঁর মাথায় হাত রেখে ওঁকে আশীর্বাদ করেছি ছেলের মতো, এটাই আমার সব থেকে বড় পাওনা। এর থেকে বড় পাওনা আমার কাছে আর কিছু হতে পারে না।"

■ বৃদ্ধার কথা শুনছেন মুখ্যমন্ত্রী।

প্রায় ১২ বছর আগে স্বামীকে হারিয়েছেন স্বপ্না দাস। একমাত্র ছেলে শুভজিৎ দাস (৩১) এমএ পাস করেও চাকরি পাননি। বর্তমানে অসুস্থ হয়ে শয্যাশায়ী। আত্মীয়ের সাহায্যেই চলছে মা-ছেলের সংসার। এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রীর কাছে নিজের সমস্যার কথা জানাতে পেরে আপ্লুত স্বপ্না। তাঁর কথায়, "আশা করব মুখ্যমন্ত্রী আরও ভালো কাজ করবেন।"

সেই নেহরুর মূর্তিতে মালা

স্টাফ রিপোর্টার, দুর্গাপুর: নেহরুর মূর্তিতে বিজেপির মাল্যদান। অভিযোগ ওঠেছিল, রাখি পূর্ণিমার দিন দুর্গাপুরের হর্ষবর্ধন রোডের ওই মেডিটেশন সেন্টার থেকে পণ্ডিত জওহরলাল নেহরুর মূর্তি সরিয়ে জঙ্গলে ফেলে দেওয়া হয়েছে। অভিযোগের আঙুল ওঠে বিজেপির দিকে। যদিও সেই অভিযোগ অস্বীকার করেছিল। সোমবার সেই বিতর্কের মাঝেই নেহরুর মূর্তি পুনরায় স্কুল চত্বরে বসানো হয়। বিজেপি নেতৃত্বের দাবি, মূর্তি সরানোর ঘটনায় তাদের কোনও ভূমিকা নেই। বরং তাদের বিরুদ্ধে মিথ্যা অভিযোগ চাপানো হয়েছে। এদিন বিজেপির তরফে প্রথমে মাল্যদান করা হয়। এর পরেই পশ্চিম বর্ধমান জেলা কংগ্রেস সভাপতি দেবেশ চক্রবর্তী-সহ কংগ্রেস কর্মী-সমর্থকরা পৌঁছন সেখানে। নেহরুর মূর্তিতে দুধ ঢেলে শুদ্ধিকরণ করেন তাঁরা। বিজেপির জেলা মুখপাত্র সুমন্ত মণ্ডলের দাবি, "নেহরুর মূর্তি ফেলে দিয়ে বিজেপির ঘাড়ে দোষ চাপানোর চেষ্টা হয়েছে। বিজেপি এই ধরনের সংস্কৃতির পক্ষে নয়।" পাল্টা কংগ্রেসের জেলা সভাপতি দেবেশ চক্রবর্তীর অভিযোগ, "মূর্তি সরানোর ঘটনার সঙ্গে বিজেপির লোকজনই যুক্ত। আমরা দুধ দিয়ে নেহরুকে স্নান করালাম।"

ঘুষ নিতে গিয়ে ধৃত সরকারি আধিকারিক

নিজস্ব সংবাদদাতা, উলুবেড়িয়া: স্পেশাল চেম্বারে বসে কুড়ি হাজার টাকা ঘুষ নিতে গিয়ে হাতেনাতে ধরা পড়লেন উলুবেড়িয়ার এডিএসআর (অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার) জীবনকৃষ্ণ দাস। সোমবার অ্যান্টি করাপশন সেলের আধিকারিকরা তাঁকে হাতেনাতে ধরেন। জানা গিয়েছে, দশ শতক জায়গা রেজিস্ট্রির জন্য তাঁর কাছে ২০ হাজার টাকা ঘুষ চাওয়া হয়েছে, এই মর্মে উলুবেড়িয়ার বাসিন্দা দীনবন্ধু কর নামে এক ব্যক্তি সম্প্রতি অ্যান্টি করাপশন সেলে অভিযোগ জানান। অভিযোগের ভিত্তিতে অফিসাররা এদিন দুপুরে পরিচয় গোপন করে দপ্তরে আসেন। এরপর এক ক্লার্কের মাধ্যমে ঘুষ নেওয়ার সময় ওই আধিকারিককে হাতেনাতে ধরে ফেলেন দুর্নীতিদমন শাখার আধিকারিকরা। দীনবন্ধু করের জমি রেজিস্ট্রি করার জন্য ওই অফিসার কুড়ি হাজার টাকা ঘুষ চেয়েছিলেন। অন্যান্য অফিসিয়াল কাজের জন্য আরও কুড়ি হাজার টাকা চাওয়া হয়েছিল। প্রথমে টাকা দিতে না চাওয়ায় বেশ কয়েকবার তাঁকে ঘোরান ওই এডিএসআর। এরপর কুড়ি হাজার টাকায় রফা হয়। এদিকে অ্যান্টি করাপশন সেলে অভিযোগ দায়েরের পর তাঁকে কলকাতায় ডেকে পাঠিয়ে লিখিত অভিযোগ নেওয়া হয়। এরপর অ্যান্টি করাপশন সেলের অফিসাররা প্রথমে উলুবেড়িয়া এলাকায় খোঁজখবর করে ওই অফিসারের সম্পর্কে তথ্য জোগাড় করেন। এরপরই তাঁকে হাতেনাতে ধরার জন্য ঘুঁটি সাজানো হয়। সোমবার ছিল টাকা দেওয়ার দিন। সেইমতো দুর্নীতিদমন শাখার আধিকারিকরাও দপ্তরে হাজির হন এবং অভিযোগকারী ব্যক্তিও টাকা নিয়ে হাজির হন। আগেই অফিসাররা টাকায় কেমিক্যাল ও পাউডার লাগিয়ে রেখেছিলেন। অফিসারের হাত ধোয়াতেই জলটা নীল হয়ে যায়। দীনবন্ধু কর বলেন, "গত ২২ ও ২৩ তারিখ দুটো দলিলের জন্য আমার কাছ থেকে ১০ হাজার টাকা চাওয়া হয়েছিল। আমি ৬ হাজার টাকা দিয়েছিলাম। পরে আবার দলিল রেজিস্ট্রি করতে এলে আগের টাকা চেয়ে নেন। প্রত্যেকটা কাজেই ওই সাব রেজিস্ট্রার ঘুষ নিতেন।" অভিযুক্ত নিজে হাতে টাকা নিতেন না। তিনি এক ল'ক্লার্কের মাধ্যমে অফিসে নিজের ব্যক্তিগত চেম্বারে বসে ঘুষের টাকা নিতেন। এদিনও সেভাবে টাকা নিতে গিয়ে হাতেনাতে ধরা পড়েন।

পথে পুলিশের চাকরিপ্রার্থীরা

স্টাফ রিপোর্টার: ফের পথে নামলেন চাকরিপ্রার্থীরা। এবার রাজ্য পুলিশের চাকরিপ্রার্থীরা নিয়োগের দাবিতে রাস্তায় নেমে বিক্ষোভ দেখালেন। সোমবার ধর্মতলায় কয়েকশো চাকরিপ্রার্থী বিক্ষোভ মিছিল করেন ২০২৪ সালের চাকরি প্রার্থীরা।

২০২৪ সালে তৃণমূল কংগ্রেস আমলে রাজ্য পুলিশের এই নিয়োগের বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। লিখিত পরীক্ষা ও মাঠ পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ইন্টারভিউতে ডাকা হয়েছিল। গত ফেব্রুয়ারি মাসে তাঁদের ইন্টারভিউ পর্ব শেষ হয়। ইন্টারভিউয়ের পর ছ'মাস কেটে গিয়েছে। এখনও মেরিট তালিকা প্রকাশ করা হয়নি। এদিন চাকরিপ্রার্থীদের অভিযোগ, ফেব্রুয়ারিতে ইন্টারভিউ নিয়েছে। আগস্ট শেষ হয়ে গেল এখনও পর্যন্ত রেজাল্ট বের করেনি সরকার। তখন বলা হয়েছিল ভোট মিটলে রেজাল্ট বের হবে। নিয়োগ প্রক্রিয়া শুরু হবে। চাকরিপ্রার্থীদের দাবি, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী ভোটের আগে প্রতিশ্রুতি দিয়েছিলেন পুলিশের চাকরিপ্রার্থীদের নিয়োগ দ্রুত করবেন। আমরা চাই দ্রুত মেরিট তালিকা প্রকাশ করে নিয়োগ শুরু করা হোক। পুজোর আগেই আমাদের নিয়োগ করতে হবে। দ্রুত নিয়োগ প্রক্রিয়া চালু না হলে আগামীদিনে বড় আন্দোলনে নামার হুঁশিয়ারি দিয়েছেন চাকরিপ্রার্থীরা।

■ জাতীয় পতাকা নিয়ে চাকরির দাবিতে বিক্ষোভ কলকাতায়। —অরিজিৎ সাহা

পুত্রসন্তানের জন্ম, নাবালিকার সাক্ষ্যকে মান্য

শিশুকন্যাকে লাগাতার ধর্ষণ, যাবজ্জীবন সাজা বহাল বাবার

গোবিন্দ রায়

বাবা হলেন রক্ষক। সেই রক্ষকই যখন ভক্ষক হয়ে ওঠে, তখন এই অপরাধকে লঘু করে দেখার কোনও সুযোগ নেই। —এমনই পর্যবেক্ষণে নাবালিকা মেয়েকে বারবার ধর্ষণের দায়ে এক ব্যক্তির যাবজ্জীবন কারাদণ্ডের সাজা বহাল রাখল কলকাতা হাই কোর্টের জলপাইগুড়ির সার্কিট বেঞ্চ।

আদালতের পর্যবেক্ষণে বিচারপতি শম্পা সরকার এবং বিচারপতি প্রসেনজিৎ বিশ্বাসের ডিভিশন বেঞ্চ আরও জানিয়েছে, "যে ব্যক্তির কাছ থেকে সন্তানের 'যত্ন, স্নেহ ও নিরাপত্তা' পাওয়ার কথা, সেই যখন সেই সম্পর্ককে ভয় ও নিয়ন্ত্রণের জন্য অপব্যবহার করে, তখন অপরাধের গুরুত্ব আরও অনেক বেশি বেড়ে যায়।" নির্যাতিতা গর্ভবতীও হয়ে পড়েছিল বলে মামলায় উল্লেখ রয়েছে। গত ২৮ আগস্ট আপিলের আবেদন খারিজ করে নিম্ন আদালতের দেওয়া যাবজ্জীবন সাজাই বহাল রেখেছে কোর্ট।

আদালত সূত্রে জানা গিয়েছে, ২০১৭ সালের ঘটনা। কালিম্পংয়ের গরুবাথান থানায় নাবালিকার এক নিকট আত্মীয়ের অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করে পুলিশ। অভিযুক্ত নিজের প্রায় ১৫ বছর বয়সি মেয়েকে একাধিকবার যৌন নির্যাতন করে। পরে নাবালিকা অন্তঃসত্ত্বা হয়ে পড়ে। ২০১৭ সালের নভেম্বরে সে শিলিগুড়ি জেলা হাসপাতালে একটি পুত্রসন্তানের জন্ম দেয় বলেও জানা গিয়েছে। মামলায় বিচার পর্ব চলাকালীন ট্রায়াল কোর্ট অভিযুক্তকে পকসো আইনের ৬ নম্বর ধারায় দোষী সাব্যস্ত করে এবং বাকি জীবনের অবশিষ্ট সময় পর্যন্ত যাবজ্জীবন কারাদণ্ডের পাশাপাশি ১ লক্ষ টাকা জরিমানা, অনাদায়ে আরও চার বছরের কারাদণ্ডের নির্দেশ দিয়েছিল। সেই রায়ের বিরুদ্ধে হাই কোর্টে আপিল করে অভিযুক্ত জীবন রাই। হাই কোর্টে অভিযুক্তর যুক্তি ছিল, নাবালিকার বয়স যথাযথভাবে প্রমাণিত হয়নি এবং ডিএনএ পরীক্ষা করা হয়নি। কিন্তু আদালত সেই যুক্তি গ্রহণ করেনি। জন্মের শংসাপত্র, নাবালিকার নিজের বক্তব্য এবং চিকিৎসকের সাক্ষ্য বিবেচনা করে আদালত দেখে ঘটনার সময় নাবালিকার বয়স ১৮ বছরের নিচে ছিল। চিকিৎসকও তাঁকে প্রায় ১৫ বছর বয়সি এবং প্রায় ২৪ সপ্তাহের অন্তঃসত্ত্বা বলে উল্লেখ করেছিলেন। এ প্রসঙ্গে, ডিভিশন বেঞ্চের মত, আদালতের গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণ, শুধুমাত্র ডিএনএ পরীক্ষা না হওয়ার কারণ দেখিয়ে অভিযুক্তকে খালাস দেওয়া যায় না। মামলায় অন্যান্য প্রমাণ, বিশেষ করে নির্যাতিতার সাক্ষ্য যদি বিশ্বাসযোগ্য ও সামঞ্জস্যপূর্ণ হয়, তাহলে ডিএনএ প্রমাণ না থাকলেও তা দোষ প্রমাণের জন্য যথেষ্ট হতে পারে। আদালতের আরও মত, যৌন অপরাধের ক্ষেত্রে নির্যাতিতার সাক্ষ্য বিশ্বাসযোগ্য হলে শুধুমাত্র তার সাক্ষ্যের ভিত্তিতেও দোষী সাব্যস্ত করা আইনত সম্ভব। তাই এই মামলায় নাবালিকার সাক্ষ্যকে বিশ্বাসযোগ্য বলে মনে করেছে আদালত।

ডেরেককে দ্বিতীয় নোটিস, হুমায়ুন-বৈশ্বানরকে ডাক

অভিষেকের অফিসে সায়েন্টেফিক টিমও

স্টাফ রিপোর্টার : ক্যামাক স্ট্রিটে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের অফিসের বেআইনি বিলবোর্ড খোলা ঘিরে অশান্তির ঘটনায় তৃণমূল সাংসদ ডেরেক ও'ব্রায়েনকে দ্বিতীয়বার নোটিস পাঠাল কলকাতা পুলিশ। সোমবার শেক্সপিয়র সরণি থানার দুই আধিকারিক ডেরেকের আনোয়ার শা রোডের বাড়িতে গিয়ে ফের নোটিস ধরান। বুধবার তাঁকে শেক্সপিয়র সরণি থানায় হাজিরা দিতে বলা হয়েছে। উল্লেখ্য, আজ, মঙ্গলবারই এই মামলায় সাংসদ অভিষেক বন্দ্যোপাধ্যায়কে থানায় হাজিরা দেওয়ার জন্য নোটিস দিয়েছিল পুলিশ। আবার অভিষেকের ব্যক্তিগত সহকারী সুমিত রায়কেও একই মামলায় বুধবার দুপুরে তলব করা হয়েছে। সূত্রের খবর, অভিষেক ইতিমধ্যে তাঁকে তলব করা নিয়ে আইনি পরামর্শ নিয়েছেন। এদিনই অভিষেকের অফিসে দমকলের তরফে 'ফায়ার অডিট' করতে যান আধিকারিকরা। বিল্ডিংয়ের আন্ডারগ্রাউন্ড পার্কিং থেকে শুরু করে প্রতিটি তলের অগ্নিনির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখেন আধিকারিকরা। প্রায় একই সময় পুলিশের 'সায়েন্টিফিক টিম' গিয়ে গত বৃহস্পতিবার যেখানে অফিসের নিরাপত্তাকর্মীর সঙ্গে পুলিশ ও পুরসভার কর্মীদের ধস্তাধস্তি হয় সেখানেও ছবি তোলেন এবং স্কেচও করেন। রাতে আরও দুই তৃণমূল নেতা বৈশ্বানর চট্টোপাধ্যায় ও হুমায়ুন কবীরের বাড়িতেও একই মামলায় থানায় তলব করে হাজিরা দেওয়ার জন্য পুলিশ নোটিস দিতে যায় বলে খবর।

পুলিশ জানিয়েছে, শেক্সপিয়র সরণি থানার তরফে রবিবার ডেরেককে প্রথম নোটিস পাঠানো হয়েছিল। সোমবার দুপুর ১২টার মধ্যে থানায় হাজির হতে বলা হয় তাঁকে। কিন্তু সোমবার সকালে ডেরেকের আইনজীবী ই-মেল করে জানান, নির্দিষ্ট সময়ে সাংসদের পক্ষে হাজির হওয়া সম্ভব নয়। আইনি পরামর্শ করার জন্য আরও কিছু সময় চাওয়া হয় পুলিশের কাছে। এর পরই পুলিশ দ্বিতীয় নোটিস দেওয়ার সিদ্ধান্ত নেয়। যদিও পুলিশ পৌঁছনোর আগেই ডেরেক বেরিয়ে যান। ফলে ডেরেকের নিরাপত্তারক্ষীর হাতে নোটিস তুলে দেন পুলিশ আধিকারিকরা। গত বৃহস্পতিবার 'বেআইনি' বিলবোর্ড খুলতে গেলে পুলিশ ও পুর-কর্মীদের অভিষেক ও ডেরেক বাধা দেন বলে অভিযোগ। তখনই কয়েকজন অফিস কর্মী পুলিশকর্মীদের কলার ধরে মারধর করেন বলে অভিযোগ। ঘটনাকে কেন্দ্র করে তিনটি মামলা দায়ের হয়েছে। তার মধ্যে দুটি মামলার সূত্রে অভিষেকদের জিজ্ঞাসাবাদের জন্য ডাকা হচ্ছে।

এদিনই আবার ওই অফিসে ফায়ার অডিট করতে পৌঁছয় পুলিশ ও দমকল। দমকল আধিকারিকরা বেসমেন্ট-সহ সমস্ত তলায় যান। পাম্প রুম-সহ একাধিক ঘরে পরীক্ষা হয়।

■ অভিষেকের অফিসে দমকলের তরফে 'ফায়ার অডিট' করতে যান আধিকারিকরা। বিল্ডিংয়ের আন্ডারগ্রাউন্ড পার্কিং থেকে অগ্নিনির্বাপণ ব্যবস্থা খতিয়ে দেখা হয়।

■ ঘটনাকে কেন্দ্র করে তিনটি মামলা দায়ের হয়েছে।

এক দমকল আধিকারিক জানান, ড্রাইভওয়ে ঠিক রয়েছে। তবে একটি অস্থায়ী শেড অতিরিক্ত নির্মাণ হয়েছে। আবার প্রায় একই সময়ে এই অফিসে আসে লালবাজারের সায়েন্টিফিক উইং। গেট থেকে সিঁড়ি বেয়ে বিল্ডিংয়ের উপরে ওঠায় কোথায়, কীভাবে বাধা দেওয়া হয়েছে, তার পুঙ্খানুপুঙ্খ তথ্য সংগ্রহ করতে সাইন্টিফিক উইংয়ের তরফে স্কেচ নেওয়া হয়, তদন্তকারী অফিসারদের সাহায্য নিয়ে প্রতিটা ফ্লোরে এবং অশান্তি-স্থলের ছবিও তোলেন ফটোগ্রাফাররা। ঘটনার সময়ে কত লোকের জমায়েত, কীভাবে অশান্তির ছক ছিল তার বিস্তারিত তথ্য সংগ্রহ করতে স্কেচমেকার ও ফটোগ্রাফার এসেছিলেন। বিল্ডিংয়ে মোট ক'টা সিঁড়ি, সেগুলির মাপকত, আনুমানিক কত লোক ধরে ওই স্থানে, সমস্ত তথ্য নেওয়া হয়। পুরসভার কাজে কেন বাধা, পুলিশের উপর চড়াও কীভাবে? তারও সায়েন্টিফিক উইং নিয়ে গিয়েছে বলে খবর।